প্রথম আলো

তারিখ ... 7 JUN 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

## সরকারী প্রাথমিক শিক্ষা ক্যাডার প্রতিষ্ঠা করুন

# শিক্ষকদের সংগঠনের পক্ষে কোর্টের রায় ও জয়েন্ট স্টকের সিদ্ধান্ত বাস্তবায়ন করুন

### –সরকারী প্রাথমিক শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ 'প্রাথমিক শিক্ষা ক্যাডার' প্রতিষ্ঠা এবং সরকারী প্রাথমিক শিক্ষকদের সংগঠন সম্পর্কিত সুপ্রীম কোর্টের রায় জয়েন্ট স্টক কোম্পানী ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের জারিকৃত পরিপত্রের আদেশ বাস্তবায়নের দাবী করেছেন।

গতকাল দুপুরে বিজয়নগরস্থ একটি হোটেলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ একথা বলেন। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সভাপতি আব্দুল আওয়াল তালুকদার এবং লিখিত বক্তব্য পাঠ করেন মহাসম্পাদক মোঃ আব্দুস সালাম। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি নেছার উদ্দিন ও আব্দুল আজিজ, সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, দফতর সম্পাদক জাহিদুর রহমান, যুগ্ম মহাসম্পাদক মমতাজ উদ্দিন ও মুহাম্মদ মনিরুল ইসলাম, অর্থ সম্পাদিকা লতিফা আহমেদসহ মহিলা বিষয়ক সম্পাদিকা নুরুন নাহার বেগম ও সেলিনা বেগম, সহ-সাংগঠনিক সম্পাদক এ বি এম সেলিম ও সামছুল ইসলাম এবং কেন্দ্রীয় সদস্য আবুল কালাম আজাদ প্রমুখ।

সংবাদ সম্মেলনে অবিলম্বে প্রাথমিক শিক্ষায় গতিশীলতা আনয়ন ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে বর্তমান নিয়োগবিধি সংশোধন সাপেক্ষে 'প্রাথমিক শিক্ষা ক্যাডার' গঠনপূর্বক শুধুমাত্র সহকারী শিক্ষক পদ থেকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ক্রমান্বয়ে পদোন্নতির মাধ্যমে মহাপরিচালক পর্যন্ত সকল বিভাগীয় পদ পূরণের দাবী জানানো হয়। সংবাদ সম্মেলনে সরকারী প্রাথমিক শিক্ষকদের সংগঠন সম্পর্কিত ১৫-০৫-০৭ ইং তারিখে প্রদত্ত সুপ্রীম কোর্টের রায় এবং ০৫-০৪-০৯ তারিখে যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদফতর কর্তৃক ইস্যুকৃত পত্র এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদফতরের স্মারক নং-৪৩৪২/৬ তারিখ ঃ ০২-০৬-০৯ পত্রের মর্মানুযায়ী সরকারী আইন বাস্তবায়নের দাবী করা হয়। সংবাদ সম্মেলনে বলা হয় জয়েন্ট স্টক কোম্পানীর পত্রে উল্লেখ আছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সরকারী প্রাথমিক শিক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষক নিয়ে সংগঠন পরিচালনা করতে পারবে। বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি কেবলমাত্র সরকারী প্রাথমিক শিক্ষক সংগঠন পরিচালনা করতে পারবে।